



## ৮ম ঢাকা বইমেলা উদ্বোধন

# ২০০২ সালকে 'জাতীয় গ্রন্থবর্ষ' ঘোষণা করলেন প্রধানমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : ২০০২ সালকে 'জাতীয় গ্রন্থবর্ষ' ঘোষণা করার মধ্য দিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল মঙ্গলবার বিকেলে শেরেবাগা নগরস্থ জাতীয় প্যারেড গ্রাউন্ড চত্বরে পঞ্চকালব্যাপী ৮ম ঢাকা বইমেলায় উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী চলতি বছর গ্রন্থ, গ্রন্থাগার ও এতদসংক্রান্ত বিষয়ে মানা কর্মসূচি গ্রহণের আহ্বান জানিয়ে বলেন, দেশজুড়ে বইয়ের প্রচার, প্রসার, ব্যবহারের মাধ্যমে বই বিষয়ে উদ্দীপনা সৃষ্টি ও মননশীলতার চর্চা বাড়তে হবে।

সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ও সংস্কৃতি সচিব বক্তব্য রাখেন। সম্মাননা প্রদান করা হয় বিশিষ্ট লাইব্রেরি সংগঠক অধ্যক্ষ মোহাম্মদ শরীফ হোসেনকে।

প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, দেশে গ্রন্থ উন্নয়নের সাথে গ্রন্থাগার উন্নয়নের বিষয়টি অঙ্গসিভাবে জড়িত বলে তার সরকার গ্রন্থাগার উন্নয়নে সম্ভাব্য সব ধরনের সহায়তা প্রদান করবে। এ ক্ষেত্রে সরকারকে সার্বক্ষণিক পরামর্শদানের জন্য একটি 'লাইব্রেরি কমিশন' গঠনের বিষয় বিবেচনা করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, জাতীয় গ্রন্থনীতির সুপারিশ অনুযায়ী গ্রন্থাগার আইন প্রবর্তনের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা হবে।

দেশের ইউনিয়ন পর্যায়ে গণগ্রন্থাগার নেটওয়ার্ক সম্প্রসারণের ওপর গুরুত্ব দিয়ে বেগম খালেদা জিয়া বলেন, দেশব্যাপী গ্রন্থাগারের বিস্তার এবং সে সব গ্রন্থাগারে উপযুক্ত বইয়ের যোগান দিতে পারলে ব্যাপক জনগণের মধ্যে পড়ার অভ্যাস বাড়বে।

প্রধানমন্ত্রী ৮ম ঢাকা বইমেলায় উদ্বোধন ঘোষণাকালে এ মেলায় ইতিহাস উল্লেখ করে বলেন, ১৯৯৪ সালের ইংরেজি নববর্ষের প্রথম দিনে ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় গ্রন্থ কেন্দ্রের গ্রন্থমেলায় উদ্বোধনকালে প্রতিবছর ইংরেজি নববর্ষের প্রথম দিনকে 'জাতীয় গ্রন্থ দিবস' এবং প্রথম সপ্তাহকে 'গ্রন্থ সপ্তাহ' ঘোষণা করেছিলাম। ১৯৯৫ সাল থেকে আন্তর্জাতিক মানের যে ঢাকা বইমেলায় যাত্রা শুরু হয় গতকাল তারই ৮ম পর্বের উদ্বোধন হলো বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।